

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

প্রত্ত্ব নমুনা (أمثلة المؤاخاة)

- (২) খেজুর বাগান ভাগ করে দেবার প্রস্তাব : হযরত আবু হুরায়রা (রাঃ) বলেন, আনছারগণ একদিন রাসূল (ছাঃ)-এর কাছে এসে আবেদন করলেন যে, আপনি আমাদের খেজুর বাগানগুলি আমাদের ও মুহাজির ভাইগণের মধ্যে সমানভাবে বন্টন করে দিন'। রাসূলুল্লাহ (ছাঃ) এতে অসম্মতি জ্ঞাপন করলেন। তখন তারা বললেন, তবে এমন করুন যে, মুহাজির ভাইগণ আমাদের কাজ করে দিবেন এবং আমরা তাদের ফলের অংশ দিব'। রাসূলুল্লাহ (ছাঃ) এতে সম্মত হ'লেন (বুখারী হা/৩৭৮২)।
- (৩) জমি বন্টনের প্রস্তাব : বাহরায়েন এলাকা বিজিত হওয়ার পর রাসূলুল্লাহ (ছাঃ) সেখানকার পতিত জমিগুলি আনছারদের অনুকূলে বরাদ্দ দিতে চাইলে তারা আপত্তি করে বললেন, আমাদের মুহাজির ভাইদের উক্ত পরিমাণ জমি দেওয়ার পরে আমাদের দিবেন। তার পূর্বে নয়।[2] আনছারদের এই অসাধারণ ত্যাগ ও মহত্ত্বের প্রশংসা করে আল্লাহ আয়াত নাযিল করেন (হাশর ৫৯/৯)। যা ইতিপূর্বে বর্ণিত হয়েছে।

ফুটনোট

- [1]. বুখারী হা/৩৭৮০-৮১ 'ছাহাবীগণের মর্যাদা' অধ্যায়, ৩৩ অনুচ্ছেদ ও হা/২৬৩০ 'হেবা' অধ্যায়, ৩৫ অনুচ্ছেদ।
- [2]. বুখারী হা/২৩৭৬ 'জমি সেচ করা' অধ্যায়, ১৪ অনুচ্ছেদ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5381

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন